

যেয়ো না, যেয়ো না ফিরে—
 দাঁড়াও, বারেক দাঁড়াও হৃদয়-আসনে ।
 চঞ্চল সমীর-সম ফিরিছ কেন
 কুসুমে কুসুমে, কাননে কাননে ।
 তোমায় ধরিতে চাহি, ধরিতে পারি নে—
 তুমি গঠিত যেন স্বপনে ।
 এস হে, তোমারে বারেক দেখি ভরিয়ে আঁখি,
 ধরিয়া রাখি যতনে ।
 প্রাণের মাঝে তোমারে ঢাকিব,
 ফুলের পাশে বাঁধিয়ে রাখিব,
 তুমি দিবস-নিশি রহিবে মিশি
 কোমল প্রেমশয়নে ॥

Parjaay: Prem / Mayar Khela, Taal: Ardha-jhaptaal, Raag: Desh-(Tune-Altered)
 Visit www.geetabitan.com for notation and other detail